ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১-৭-৯৬ ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ৩১-৭-৯৬ ইং বেলা ১২-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল শাহ মোঃ মহিউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার মনজুর আহমেদ মোল্লা<br>এস ই এম ও<br>ও<br>অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জি)(সিডি), পিএসসি,<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন এম আলাউদ্দিন চৌধুরী, পিএসসি,<br>অধিনায়ক<br>প্রশাসনিক শাখা<br>বি এ এফ বেস বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ সহিদুর রহমান, পিএসসি,<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৬। | ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ(অবঃ)<br>৩২, ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ মুয়াজ্জেম হোসাইন<br>প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |
| ৮। | জনাব মোঃ আব্দুল হক<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**প্রস্তাব নং-১ঃ** বিগত ২৯-৬-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিগত ২৯-৬-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী বিশদ পর্যালোচনান্তে অনুমোদন করা হইল। ইহাছাড়া উক্ত সভার ১০(গ) সিদ্ধান্তমূলে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে হকারদের জন্য অধিক জায়গা বরাদ্দের নিমিত্তে গঠিত সাব-কমিটির পেশকৃত প্রতিবেদন পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হইল।

২য় পৃঃদ্রঃ

(ক) হকারদের জন্য ইতোপূর্বে সুপার মার্কেটের মসজিদের পূর্ব পার্শ্বে নির্ধারিত হার্ড স্ট্যান্ড ছাড়া সুপার মার্কেটের অন্য কোন স্থানে কোন হকার বসিতে পারিবে না।

(খ) উক্ত নির্ধারিত স্থানে সকাল হইতে দ্বিপ্রহর পর্যন্ত শাক-সব্জি, ফলমূল, হাঁস-মুরগী ও কবুতরের হকারগণ বসিবেন এবং দ্বিপ্রহর হইতে রাত্রি ১০-০০ ঘটিকা পর্যন্ত কাপড়-চোপড়, হাঁস-মুরগী ও কবুতরের হকারগণ ব্যবসা করিবেন। উক্ত সিদ্ধান্ত নোটিশ আকারে একটি সাইন বোর্ডে লিপিবদ্ধ করিয়া হকারদের জন্য নির্ধারিত স্থানে স্থাপন ব্যবস্থা করিতে হইবে। ইহাছাড়া হকারদের জন্য নির্ধারিত হার্ড স্ট্যান্ড এলাকায় ফলমূলের হকারদের জন্য জায়গা নির্ধারণ করিয়া দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২ঃ মেসার্স গাজী এন্ড কোং লিঃ কর্তৃক সম্পন্নকৃত কচুক্ষেত পুরান বাজার এলাকার মুসলিম মডার্ণ একাডেমীর পিছনে দক্ষিন পশ্চিম কর্ণার হইতে শাহী মসজিদ পর্যন্ত পি সি সি রাস্তা নির্মাণ করণ (গ্রুপ-খ) কাজটি বুঝিয়া নেওয়ার প্রতিবেদন বিবেচনান্তে উক্ত ফার্মের লাইসেন্স নবায়নের প্রস্তাব অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মেসার্স গাজী এন্ড কোং লিঃ কর্তৃক সম্পন্নকৃত কচুক্ষেত পুরান বাজার এলাকায় মুসলিম মডার্ণ একাডেমীর পিছনে দক্ষিন পশ্চিম কর্ণার হইতে শাহী মসজিদ পর্যন্ত পি সি সি রাস্তা নির্মাণ করণ (গ্রুপ-খ) কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে গঠিত সাব-কমিটির প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় যে, প্রকল্পটি সঠিকভাবে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক সম্পন্ন করা হইয়াছে। এমতাবস্থায় সর্বসম্মতিক্রমে বোর্ডের পূর্বেকার সিদ্ধান্ত মোতাবেক ০১-৮-৯৬ ইং তারিখ হইতে মেসার্স গাজী এন্ড কোং লিঃকে অত্র বোর্ড কর্তৃক প্রদত্ত লাইসেন্সটি নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৩ঃ মে'৯৬ ও জুন'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ- মে'৯৬ ও জুন'৯৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-৪ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৩০ বৎসর মেয়াদী ৮(আট)টি প্লটের ইজারার মেয়াদান্তে নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল এর মতামতসহ নথিপত্র পেশ করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ৩০ বৎসর মেয়াদী ৮(আট)টি প্লটের ইজারার মেয়াদান্তে নবায়নের ব্যাপারে আলোচনান্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল কর্তৃক প্রদত্ত মতামত পরবর্তী সিদ্ধান্তের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রনালয়, ঢাকা সেনানিবাস সমীপে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৫ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ৪(চার)টি বেকারীর বাৎসরিক বরাদ্দের মেয়াদান্তে পুনরায় ০১-৭-৯৬ ইং হইতে পরবর্তী এক বৎসরের জন্য নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ৪(চার)টি বেকারীর বাৎসরিক বরাদ্দের মেয়াদান্তে পুনরায় ০১-৭-৯৬ ইং হইতে পরবর্তী এক বৎসরের জন্য ইজারা নবায়নের ব্যাপারে সভায় বিশদ আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে উক্ত বেকারী ৪(চার)টি বাৎসরিক ভিত্তিতে ইজারা প্রদান না করিয়া ক্যান্টনমেন্ট বোর্ডের প্রচলিত বিধান মোতাবেক ইজারার ব্যাপারে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হইল ঃ-

(১) ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ (অবঃ) সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। - আহবায়ক

(২) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ এস এইচ ও, ঢাকা সেনানিবাস। - সদস্য

(৩) জনাব মোঃ মোস্তফা ভূঁইয়া রেভিনিউ অফিসার ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। - সদস্য

উপরোক্ত কমিটি তাহাদের মতামতসহ একটি প্রতিবেদন পরবর্তী বোর্ড সভায় পেশ করিবেন।

৩য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৬ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পাকা/৪৯ নং দোকানে ফোন, ফ্যাক্স, ফটোস্ট্যাট, লেমিনেটিং, টাইপ, ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পাকা/৪৯ নং দোকানে ফোন, ফ্যাক্স, ফটোস্ট্যাট, লেমিনেটিং, টাইপ,
কুরিয়ার সার্ভিস, ষ্টেশনারী ও রেন্ট এ কার অর্থাৎ "ট্রেডিং" ব্যবসার জন্য তাহাদের আবেদনের
প্রেক্ষিতে ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পাকা/৪৯ নং দোকানে রেন্ট এ কার ব্যতীত ফোন, ফ্যাক্স, ফটোস্ট্যাট,
লেমিনেটিং, টাইপ, কুরিয়ার সার্ভিস ও ষ্টেশনারী ব্যবসা করার জন্য প্রার্থীত মতে ট্রেড লাইসেন্স
প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৭ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ১০ বৎসর মেয়াদী বিকল্প বরাদদ দোকানের মেয়াদান্তে পরবর্তী ৩০
বৎসরের জন্য ইজারার নিমিত্তে গত ৩০-৫-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৪ নং সিদ্ধান্তের
আলোকে গঠিত কমিটি কর্তৃক পেশকৃত প্রতিবেদন পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ১০ বৎসর মেয়াদী বিকল্প দোকানের বরাদ্দের মেয়াদান্তে পরবর্তী
১০/৩০ বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে বিগত ৩০-৫-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার
১৪ নং সিদ্ধান্তের আলোকে গঠিত সাব-কমিটির পেশকৃত প্রতিবেদন সভায় বিশদভাবে পর্যালোচনা
করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ৮৭১টি স্থায়ী পাকা দোকান
আছে যাহার মধ্যে ৬৯০ টি দোকান বিকল্প নামে অভিহিত এবং উক্ত দোকানগুলি ১০ বৎসর মেয়াদে
কেবলমাত্র নির্মাণ ব্যয় সালামী হিসাবে আদায় করিয়া ইজারা প্রদান করা হইয়াছে এবং অবশিষ্ট
১৮১টি দোকান ৩০ বৎসর মেয়াদে উপযুক্ত সালামী আদায় পূর্বক ইজারা প্রদান করা হইয়াছে যাহার
সময়সীমা এখনও অতিক্রান্ত হয় নাই। আলোচনায় জানা যায় যে, বিকল্প দোকানসমূহের মালিকদের
ক্যান্টনমেন্ট সুপার মার্কেট প্রতিষ্ঠার পূর্বে উক্ত স্থানে তাহাদের নিজস্ব খরচে নির্মিত অস্থায়ী দোকান
ছিল এবং সুপার মার্কেট স্থাপনের কারণে তাহাদের অস্থায়ী দোকানসমূহ স্থানান্তর/অপসারণের
জন্য তাহাদের ব্যবসা ক্ষতিগ্রস্ত হইয়াছিল বিধায় তাহাদিগকে নির্মাণ খরচের সম-পরিমাণ টাকা
সালামী হিসাবে গ্রহণ করিয়া সুলভে ১০ বৎসরের জন্য পাকা দোকান ইজারা প্রদান করা হয়। উক্ত
৬৯০ টি বিকল্প দোকানের ১০ বৎসর ইজারার মেয়াদান্তে পরবর্তী ৩০ বৎসরের জন্য ইজারা প্রদানের
নিমিত্তে ইতোপূর্বে বিগত ৩০-৫-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচনা হয়। কিন্তু দোকান-
গুলি সরেজমিনে পরিদর্শন করিয়া দেখা যায় যে, অল্প খরচে দোকানগুলি নির্মাণ করা হইয়াছিল বিধায়
আগামী ৩০ বৎসর পর্যন্ত দোকানগুলি স্থায়ী হইবে না। ইহাছাড়া ইতোমধ্যেই অধিকাংশ দোকানের
ছাদে মারাত্মক ক্র্যাক দেখা দিয়াছে। এমতাবস্থায় বিষয়টি সম্পর্কে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত-
সমূহ গৃহীত হইল ঃ-

(ক) বিকল্প ৬৯০ টি দোকান ১০ বৎসর ইজারা মেয়াদান্তে পরবর্তী প্রস্তাবিত ৩০ বৎসরের পরিবর্তে
মাত্র ১০ বৎসরের জন্য ইজারা প্রদান করা হইবে।

(খ) ৬৯০ টি বিকল্প দোকানে পরবর্তী ১০ বৎসর মেয়াদে ইজারার জন্য পূর্বে আদায়কৃত সালামীর
দ্বিগুন হিসাবে সালামী নির্ধারণ করা হইল।

(গ) ৬৯০ টি বিকল্প দোকানের ইজারা মেয়াদ দ্বিতীয় দফায় ১০ বৎসর শেষ হওয়ার পর পুনরায়
ইজারা মেয়াদ বৃদ্ধি করা হইবে না এবং বর্তমান বরাদ্দলাভকারীদিগকে পুনরায় তৃতীয় দফায়
সুলভে নির্ধারিত সালামীতে দোকান প্রদানের বিষয় বিবেচিত হইবে না। ক্যান্টনমেন্ট বোর্ড
প্রকাশ্য নিলামের মাধ্যমে উক্ত দোকানসমূহ যে কোন মেয়াদে সরকারী বিধান মোতাবেক
ইজারা প্রদান করিতে ক্ষমতাবান থাকিবে।

(ঘ) দ্বিতীয় দফায় ৬৯০টি বিকল্প দোকান প্রস্তাবিত ১০ বৎসর ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার
দিন হইতে পূর্বের ভাড়ার দ্বিগুন হারে মাসিক ভাড়া নির্ধারণ করা হইল।

(ঙ) বিকল্প দোকানসমূহের মধ্যে যে সকল দোকানের প্রথম দফায় ১০ বৎসর ইজারার মেয়াদ
উত্তীর্ণ হইয়া গিয়াছে অথচ দোকানের মালিকগণ ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে বোর্ডের
সহিত প্রয়োজনীয় ইজারা দলিল সম্পাদন করেন নাই তাহাদিগকে দ্বিতীয় দফায় পরবর্তী
১০ বৎসরের জন্য ইজারা মেয়াদ বৃদ্ধি না করিয়া বোর্ড কর্তৃক উক্ত দোকানগুলি প্রকাশ্য
নিলামের মাধ্যমে ইজারা প্রদান করা হইবে।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৮: ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বকেয়া ভাড়ার উপর সারচার্জ মওকুফের সিদ্ধান্ত গ্রহণের জন্য কমিটি কর্তৃক পেশকৃত প্রতিবেদন ও সারচার্জের তালিকা উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত:- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ১৮১টি দোকানের বকেয়া ভাড়ার উপর সারচার্জ মওকুফের বিষয়ে গঠিত সাব-কমিটির পেশকৃত প্রতিবেদন সভায় বিশদভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় জানা যায় যে, সংশ্লিষ্ট দোকানসমূহের অধিকাংশেই ভাল ব্যবসা চলেনা বিধায় দোকানের মালিকগণ সময়মত ভাড়া পরিশোধ করিতে পারেন নাই। তবে বর্তমানে সংশ্লিষ্ট দোকানদারগণ তাহাদের দোকানের বকেয়াসহ হাল নাগাদ ভাড়া পরিশোধ করিয়া সারচার্জ মওকুফের আবেদন করিয়াছেন। এমতাবস্থায় সভায় সর্বসম্মতিক্রমে সময়মত মাসিক ভাড়া পরিশোধ না করায় বোর্ড কর্তৃক আরোপিত সারচার্জের $\frac{১}{৩}$ অংশ মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হইল। ইহাছাড়া উক্ত দোকানের মালিকদিগকে ভবিষ্যতের জন্য লিখিতভাবে সতর্ক করার দায়িত্ব সি ই ও'কে প্রদান করা হইল।

প্রস্তাব নং-৯: ডি ও এইচ এস এলাকাসমূহে নিজ বসতিপূর্ণ বাড়ীর গৃহকর নির্ধারণ কার্যে বার্ষিক মূল্যায়ন হইতে ৫০% বিশেষ সুবিধা বাদ দেওয়ার ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৯-১১-৯৩ ইং তারিখের ৭/এমএলএনডসি/ঢাকা/৭৪-২/শা-৩/২১১ নং পত্র ও ১৭-৫-৯৪ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৭৪-২/শা-৩/ নং পত্রদ্বয় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত:- বিষয়টি সম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে একটি বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় পুনরায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১০: ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পুকুর পাড়ে এক বৎসর মেয়াদী বরাদ্দকৃত ৩১ নং দোকানটি ইজারা মেয়াদান্তে ০৮-৪-৯৬ ইং হইতে পরবর্তী এক বৎসরের জন্য নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্ত:- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পুকুর পাড়ে এক বৎসর মেয়াদী বরাদ্দকৃত ৩১ নং দোকানটি ইজারার মেয়াদান্তে ০৮-৪-৯৬ ইং হইতে পরবর্তী এক বৎসরের জন্য ইজারা নবায়ন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১১: ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৪৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব মোয়াজ্জেম হোসেন ও তাঁহার স্ত্রী মিসেস জোবেদা হোসেন। মিসেস জোবেদা হোসেনের মৃত্যুর প্রেক্ষিতে তাঁহার অংশ জনাব মোজাম্মেল হোসেন খান ওরফে পাপ্পুর নামে নামজারী করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ সংশ্লিষ্ট নথিপত্র পেশ করা গেল।

গৃহীত সিদ্ধান্ত:- ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ৪৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব মোয়াজ্জেম হোসেন খান ও তাঁহার স্ত্রী মিসেস জোবেদা হোসেন। মিসেস জোবেদা হোসেনের মৃত্যুর পর জনাব মোয়াজ্জেম হোসেন খান উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর একক মালিক। বর্তমানে তিনি তাহার পালিত পুত্র মোজাম্মেল হোসেন খাঁন ওরফে পাপ্পুকে উপরোক্ত সম্পত্তির ২৫% অংশী দারিত্ব দান করিয়া উক্ত মোজাম্মেল হোসেন খান ওরফে পাপ্পুর নাম উক্ত সম্পত্তির রেকর্ডপত্রে অন্তর্ভূক্তির জন্য আবেদন করিয়াছেন। সভায় পেশকৃত কাগজপত্রাদি আইন উপদেষ্টার মতামত পর্যালোচনা করিয়া জনাব মোয়াজ্জেম হোসেন খানের আবেদন মোতাবেক কার্যক্রম সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-১২: ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ২৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী আলহাজ মোঃ ফুলমিয়া এর নামে নামজারী করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে ক্রেতা-বিক্রেতার আবেদন ও আইন উপদেষ্টার মতামতসহ নথিপত্র পেশ করা গেল।

গৃহীত সিদ্ধান্ত:- ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ২৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর বর্তমান মালিক আলহাজ মোঃ ফুলমিয়ার নামে নামজারী করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

৫ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১৩ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ক্লোরোমিটার, ওয়াটার বাথ ও রি-এজেন্ট(১৬টি আইটেম সম্বলিত) সরবরাহের নিমিত্তে ৩০-৫-৯৬ ইং তারিখে দরপত্র আহবান করা হয় এবং ৫টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স নমিতা ফার্মেসী কর্তৃক পেশকৃত ১,২৯,২৮০/-(এক লক্ষ উনত্রিশ হাজার দুইশত আশি) টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ক্লোরোমিটার, ওয়াটার বাথ ও রি-এজেন্ট সরবরাহের নিমিত্তে মেসার্স নমিতা ফার্মেসী কর্তৃক পেশকৃত ১,২৯,২৮০/- টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-১৪ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের কুক(পাঁচক) জনাব মোঃ সাহেব আলীর ১৪-৮-৯৫ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে তাহাকে ২৪০-৩৪৫/- টাকার বেতন স্কেল প্রদানের বিষয়টি বিবেচনা ও অনুমোদন করণ। এই প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮-৯-৯৫ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২৬-৫/শা-২/১৪ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পাঁচক জনাব মোঃ সাহেব আলীর ১৪-৮-৯৫ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে তাহাকে ২৪০-৩৪৫/- টাকার বেতন স্কেল প্রদানের সুপারিশ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৫ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে অবস্থিত অগ্রণী ডাক্তারদের চেম্বার, স্নাকস্‌বার ও স্টুডিও দোকান-সমূহে এয়ারকুলার স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে অবস্থিত অগ্রণী ডাক্তারদের চেম্বার, স্নাকস্‌বার ও স্টুডিওতে এয়ারকুলার স্থাপনের বিষয়টি পর্যালোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের বিধান মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

**প্রস্তাব নং-১৬ঃ** সৈয়দ বদরুদ্দুজা, ইনষ্ট্রাক্টর কমান্ডার, বি এন অফিসার-ইন-চার্জ, বি এন চার্ট ডিপো, নিউমুরিং, চট্টগ্রাম এর পিতা মরহুম সৈয়দ নুরুল আখতার এবং মাতা মরহুমা সৈয়দা সামছুন্নাহার এর কবর দুইটি পাকা করার ব্যাপারে তাঁহার আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদন মোতাবেক কবর দুইটি পাকা করার অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

**প্রস্তাব নং-১৭ঃ** মিসেস এস নাজমা রহমান, বাড়ী নং-২৪২, লেইন নং-১৭, লেক রোড, নিউ ডি ও এইচ এস, ঢাকা ক্যান্টনমেন্ট এর স্বামী মরহুম লেঃ কর্ণেল (ডাঃ) আলহাজ এ টি এম গোলাম রহমান এর কবর পাকা করার ব্যাপারে তাঁহার ০৬-৭-৯৬ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদন মোতাবেক কবরটি পাকা করার অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

**প্রস্তাব নং-১৮ঃ** গত ৩০-৫-৯৬ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২৪ নং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ৬(ছয়)টি চাউলের আড়ৎ নির্মাণের প্রস্তুতকৃত নকশা ও ৯,৯২,৮১৮.০০(নয় লক্ষ বিরানব্বই হাজার আটশত আঠার) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রস্তাবিত ৬(ছয়)টি চাউলের আড়ৎ নির্মাণের জন্য প্রস্তুতকৃত নকশা ও ৯,৯২,৮১৮.০০(নয় লক্ষ বিরানব্বই হাজার আটশত আঠার) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ইহাছাড়া আরও সিদ্ধান্ত গৃহীত হইল যে, প্রস্তাবিত ৬(ছয়) টি চাউলের আড়ৎ সংলগ্ন উত্তর পার্শ্বের খালি জায়গায় একই মাপের সম্ভাব্য সংখ্যক চাউলের আড়ৎ নির্মাণের নকশা ও মূল্যানুমান অনুমোদনের নিমিত্তে তৈরী করিয়া পরবর্তী সভায় পেশ করিতে হইবে।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের মূল্যানুমান ও সর্বনিম্ন দর অনুমোদন করণ।

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন দর |
|---|---|---|---|---|
| (১) | বনানী ডি ও এইচ এস এলাকার প্রাথমিক বিদ্যালয় সম্প্রসারণ করণ। | = ৮৬,৮৫৭.০০ | মেসার্স জি এম ট্রেডার্স | ১২% উর্ধে |
| (২) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের দোতলায় ৫(পাঁচ)টি শ্রেণী কক্ষ নির্মাণ। | = ১১,৮৯,৩০১.০০ | মেসার্স মনির এন্ড কোং | ২১.০০% উর্ধে |
| (৩) | সেনাভবন ও ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের মধ্যবর্তী স্থানের বাউন্ডারী ওয়াল পুনঃনির্মাণ করণ। | = ৪৯,৯৮০.০০ | মেসার্স হক এন্টারপ্রাইজ | ১৯% উর্ধে |
| (৪) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের আসবাবপত্র সরবরাহ করণ। | = ৬৯,৮৩০.০০ (বাজার দর অনুযায়ী) | মেসার্স গণস্বাস্থ্য জুট প্লাষ্টিক | ৬৯,৮৩০.০০ সর্বনিম্ন দরপত্র |

**গৃহীত সিদ্ধান্তঃ-** (১) ১০% উর্ধ দর অনুমোদিত।

(২) ১৬% উর্ধ দর অনুমোদিত।

(৩) ১৫% উর্ধ দর অনুমোদিত।

(৪) মেসার্স গণস্বাস্থ্য জুট প্লাষ্টিক কর্তৃক পেশকৃত ৬৯,৮৩০.০০ টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২০ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকায় টি এন্ড টি কর্তৃক খননকৃত রাস্তা মেরামত/কার্পেটিং/সিমেন্ট কনক্রিট করণের ৬,৮৩,০০০.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মহাখালী ডি ও এইচ এস এলাকায় টি এন্ড টি কর্তৃক খননকৃত রাস্তা মেরামত/কার্পেটিং/সিমেন্ট কনক্রিট করণের ৬,৮৩,০০০.০০ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২১ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকার রোড নং-১,২,৩,৪,৫,৬,৮,১১,১৩,১৪,১৬,১৭,১৮, ১৯,১৯/এ,১৯/বি,১৯/সি,২০,২১,২৩ এবং লেক রোড ও মসজিদ রোডে কার্পেটিং কাজটি মেসার্স আলী কনস্ট্রাকশন কর্তৃক সম্পন্ন হওয়ায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা এবং উক্ত রাস্তাসমূহের উপর স্পীডব্রেকার তৈরী করার কারণে সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মহাখালী ডি ও এইচ এস এলাকার রোড নং-১,২,৩,৪,৫,৬,৮,১১,১৩,১৪,১৬,১৭,১৮, ১৯,১৯/এ,১৯/বি,১৯/সি,২০,২১,২৩ এবং লেক রোড ও মসজিদ রোডে কার্পেটিং কাজটি মেসার্স আলী কনস্ট্রাকশন কর্তৃক সম্পন্ন হওয়ায় কাজটি বুঝিয়া নেওয়ার ব্যাপারে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইলঃ-

(১) সি এম ই এস (আর্মি) ঢাকা সেনানিবাস কর্তৃক মনোনীত একজন জি ই। - আহবায়ক

(২) চেয়ারম্যান, ম্যানেজিং কমিটি মহাখালী ডি ও এইচ এস এসোসিয়েশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি। - সদস্য

(৩) স্কোয়াড্রন লীডার মোঃ হুমায়ুন কবীর প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার ঢাকা সেনানিবাস। - সদস্য

(৪) জনাব মোঃ সাইফুল ইসলাম সহকারী প্রকৌশলী ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। - সদস্য

উপরোক্ত কমিটি কাজগুলি বুঝিয়া নেওয়াসহ সংশোধিত মূল্যানুমান সম্পর্কে তাহাদের মতামত প্রতিবেদন আকারে পরবর্তী বোর্ড সভায় পেশ করিবেন।

৭ম পৃষ্ঠায়ঃ

প্রস্তাব নং-২২৯ শহীদ মঈনুল রোড ও শহীদ সরণীর সংযোগস্থলের জলাবদ্ধতা দূরীকরণের জন্য এক্স পাইপ স্থাপনের কাজটি মেসার্স দেলোয়ারা ট্রেডার্স কর্তৃক সম্পন্ন হওয়ায় উহা বুঝিয়া নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা ও সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- শহীদ মঈনুল রোড ও শহীদ সরণীর সংযোগস্থলের জলাবদ্ধতা দূরীকরণের জন্য এক্স পাইপ স্থাপনের কাজটি মেসার্স দেলোয়ারা ট্রেডার্স কর্তৃক সম্পন্ন হওয়ায় উহা বুঝিয়া নেওয়ার ব্যাপারে নিম্নোক্তভাবে একটি সাব-কমিটি গঠন করা হইল।

(১) মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ - আহবায়ক
এস এইচ ও, ঢাকা সেনানিবাস।

(২) জনাব মোঃ মহিবুল ইসলাম - সদস্য
সহকারী প্রকৌশলী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

উপরোক্ত কমিটি কাজটি বুঝিয়া নেওয়াসহ সংশোধিত মূল্যানুমান সম্পর্কে মতামত প্রতিবেদন আকারে পরবর্তী সভায় পেশ করিবেন।

প্রস্তাব নং-২৩০ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে পূর্বে স্থাপিত বিদ্যুৎ সরবরাহের সারফেস সার্ভিস লাইন পরিবর্তন করিয়া তদস্থলে ৩X৭০ আর এম ক্যাবল দ্বারা আন্ডার গ্রাউন্ড বিদ্যুৎ লাইন স্থাপনের নিমিত্তে ১৯৯৩ সালের এম ই এস সিডিউল অনুযায়ী ৭০,৮৩৩·২৬ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পূর্বে স্থাপিত বিদ্যুৎ সরবরাহের সারফেস সার্ভিস লাইন পরিবর্তন করিয়া তদস্থলে ৩X৭০ আর এম ক্যাবল দ্বারা আন্ডার গ্রাউন্ড বিদ্যুৎ লাইন স্থাপনের নিমিত্তে ১৯৯৩ সালের এম ই এস সিডিউল অনুযায়ী ৭০,৮৩৩·২৬ টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২৩১ জাতীয় স্মৃতি সৌধে টুর প্রোগ্রামের সময় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ১০০টি জাতীয় স্মৃতি সৌধের নমুনা এ্যাক্রিলিক প্রেজেন্টেশন প্লেট সরবরাহের নিমিত্তে আরটিকো মেটালিক কর্তৃক পেশকৃত ৩০,০০০·০০ টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ। দরপত্রসহ আনুষাংগিক কাগজপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- জাতীয় স্মৃতি সৌধে টুর প্রোগ্রামের সময় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ১০০ টি জাতীয় স্মৃতি সৌধের নমুনা এ্যাক্রিলিক প্রেজেন্টেশন প্লেট সরবরাহের নিমিত্তে আরটিকো মেটালিক কর্তৃক পেশকৃত ৩০,০০০·০০ টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২৩২ ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ১৯ নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ী (১) হেলাল উদ্দিন আহমেদ পিতা-মৌলভী হামিদুল্লাহ আহমেদ (২) মিসেস নিলুফার আক্তার, স্বামী-হেলাল উদ্দিন আহমেদ এর নামে নামজারী করার আবেদন বিবেচনা করণ। আবেদন পত্র ও আইন উপদেষ্টার আইনী মতামত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ১৯ নম্বর প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি আবেদনকারীদ্বয়ের নামে নামজারী করার অনুমোদন সর্বসম্মতিক্রমে প্রদান করা হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করা হইল।

[স্বাক্ষর] ৩১/৭/৯৬
(মোঃ মজিবুল হক)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

[স্বাক্ষর] ৩১/৭/৯৬
(কর্ণেল শাহ মোঃ মহিউদ্দিন)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।